

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যোগন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৫, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১১ মাঘ, ১৪২৭/২৫ জানুয়ারি, ২০২১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১১ মাঘ, ১৪২৭ মোতাবেক ২৫ জানুয়ারি, ২০২১
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে :—

২০২১ সনের ০৩ নং আইন

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ (২০২০
সনের ২৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
(সংশোধন) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১৪৫৯)
মূল্য : টাকা ৮.০০

২। ২০২০ সনের ২৭ নং আইন এর ধারা ৯ এর সংশোধন।—বাংলাদেশ মান্দাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ (২০২০ সনের ২৭ নং আইন) এর ধারা ৯ এর বিদ্যমান বিধান উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর নিম্নরূপ উপ-ধারা (২) সংযোজিত হইবে, যথা :—

“(২) উপ-ধারা (১) এর দফা (ঙ) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি অতিমারী (pandemic), মহামারী (epidemic), দৈব-দুর্বিপাক (Act of God) এর কারণে বা সরকার কর্তৃক সময় সময় ঘোষিত কোনো অনিবার্য পরিস্থিতিতে, কোনো পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ এবং সনদ প্রদান করা সম্ভব না হইলে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপিত আদেশ দ্বারা, কোনো বিশেষ বৎসরের শিক্ষার্থীদের জন্য পরীক্ষা গ্রহণ ব্যতীত বা সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা গ্রহণ করিয়া, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পদ্ধতিতে মূল্যায়ন এবং সনদ প্রদানের জন্য নির্দেশনাবলি জারি করিতে পারিবে।”।

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব।